NSW GOVERNMENT

**What do I need to know if I want to appeal a suspension or expulsion?**

**Parent/carer information**

# আমি বরখাস্ত বা বহিষ্কারের বিরুদ্ধে আবেদন করতে চাইলে আমার কী জানা দরকার?

## পিতামাতা/পরিচর্যাকারীর জন্য তথ্যপাতা

### আপিল কি?

আপিল হল যখন আপনি একটি সিদ্ধান্ত পুনরায় বিবেচনার জন্য অনুরোধ করেন। যে সিদ্ধান্ত নেয়া হয়ছে তাতে আপনি খুশি নন আর এই কারনেই আপিল করা হয়।

### আমি কীভাবে সাময়িক বরখাস্ত বা বহিষ্কারের বিরুদ্ধে আপিল করব?

আপনি বরখাস্ত বা বহিষ্কারের বিরুদ্ধে আপিল করতে পারেন যদি আপনি বিশ্বাস করেন যে অধ্যক্ষ একটি অন্যায্য সিদ্ধান্ত নিয়েছেন বা সঠিক নীতি ও পদ্ধতিগুলো অনুসরণ করেননি। শিক্ষার্থী, পিতামাতা এবং পরিচর্যাকারীরা একটি আপিল ফর্ম পূরণ করতে পারেন।

স্থানীয় শিক্ষা অফিসে আপিল করা যেতে পারে। স্থানীয় শিক্ষা অফিস আপনাকে আপিল করার প্রক্রিয়াটি বুঝতে সাহায্য করতে পারে। তারা আপনাকে আপিল লিখতেও সাহায্য করতে পারে। আপনার সন্তানের স্কুল স্থানীয় শিক্ষা অফিসের সাথে যোগাযোগের জন্য তথ্য প্রদান করতে পারে।

আপিল সম্পর্কে সিদ্ধান্ত একজন পরিচালক, শিক্ষাগত নেতৃত্ব বা নির্বাহী পরিচালক, স্কুল পারফরম্যান্স দ্বারা নেওয়া হবে এবং সিদ্ধান্ত নিতে ১৫ থেকে ২০ স্কুল দিবসের মতো সময় লাগবে। আপিল দায়ের করার পরে এবং সিদ্ধান্ত নেওয়া হলে আপনার সাথে যোগাযোগ করা হবে। আরও তথ্যের প্রয়োজন হলে আপনি স্থানীয় শিক্ষা অফিসে যোগাযোগ করতে পারেন যেখানে আপিল দায়ের করা হয়েছিল।

#### একটি সাময়িক বরখাস্তের আপিল থেকে ফলাফল

যদি সাময়িক বরখাস্তের বিষয়ে আপিল বহাল থাকে, এবং সিদ্ধান্ত গ্রহণকারী আপনার অনুরোধের সাথে সম্মত হন, তবে অধ্যক্ষ আপনার সাথে যোগাযোগ করবেন যাতে আপনার সন্তান যত তাড়াতাড়ি সম্ভব স্কুলে ফিরে আসে তা নিশ্চিত করতে। আপিলের সিদ্ধান্ত আপনার সন্তানের রেকর্ডে নোট করা হবে এবং আপনার সন্তানের রেকর্ড থেকে সাময়িক বরখাস্তের বিষয়টি সরানো হবে।

যদি সাময়িক বরখাস্ত বিষয়ক আপিল কোন সমর্থন না পায় এবং সিদ্ধান্ত গ্রহণকারী আপনার অনুরোধের সাথে একমত না হন, তাহলে আপনার সন্তান একটি সম্মত তারিখ পর্যন্ত সাময়িক বরখাস্তের মধ্যেই থাকবে।

#### বহিষ্কারের আপিলের ফলাফল

যদি বহিষ্কার বিষয়ক আপিল কোন সমর্থন পায় এবং সিদ্ধান্ত গ্রহণকারী আপনার অনুরোধের সাথে একমত হন, তাহলে অধ্যক্ষকে যেকোনো গুরুতর নিরাপত্তা উদ্বেগ সমাধান করতে এবং আপনার সন্তান যাতে স্কুলে ফিরে যেতে পারে সেজন্য সহায়তামূলক ব্যবস্থা নিতে আপনার সাথে কাজ করবে। আপিলের সিদ্ধান্ত আপনার সন্তানের রেকর্ডে নোট করা হবে এবং বহিষ্কারের সিদ্ধান্ত আপনার সন্তানের রেকর্ড থেকে অপসারণ করা হবে।

যদি বহিষ্কার বিষয়ক আপিল প্রত্যাখ্যান করা হয় এবং সিদ্ধান্ত গ্রহণকারী আপনার অনুরোধের সাথে একমত না হন, সেক্ষেত্রে আপনার সন্তানের জন্য অন্যান্য বিকল্প ব্যবস্থা থাকতে পারে। আপনার সন্তানের প্রয়োজনের জন্য আরও উপযুক্ত বিকল্প ব্যবস্থা করতে অধ্যক্ষ আপনার সাথে কাজ করবেন।

যদি আপনার সন্তানের বয়স ১৭ বছর বা তার বেশি হয় এবং বহিষ্কারের আবেদন প্রত্যাখ্যান করা হয়, তাহলে আপনার এবং আপনার সন্তানের তার শিক্ষা চালিয়ে যাওয়ার জন্য অন্য উপায়গুলো দেখা উচিত বা কর্মশক্তিতে স্থানান্তর করা উচিত।

### আমি স্কুল থেকে কি তথ্য পেতে পারি?

কী ঘটেছে ও কেন হয়েছে সে সম্পর্কে আপনি স্কুলকে আরও তথ্যের জন্য জিজ্ঞাসা করতে পারেন। কোনও সিদ্ধান্তের পিছনে যুক্তি, কী পদক্ষেপ নেওয়া হবে ও আপনার যদি কোনও সমস্যা হয় তবে কী করতে হবে এই সকল বিষয়ে স্কুল আপনাকে অবশ্যই ব্যাখ্যা প্রদান করবে।

### আমি কিভাবে একটি অভিযোগ করতে পারি?

পিতামাতাদের জন্য আপনার সন্তানের পক্ষে সমর্থন মূলক তথ্য রয়েছে। আপনার যদি এখনও সাময়িক বরখাস্ত বা বহিষ্কার প্রক্রিয়া নিয়ে উদ্বেগ থাকে তবে অভিযোগ করার বিষয়ে তথ্য আছে।

স্কুলের সাথে যোগাযোগের তথ্য স্কুল কমিউনিটি চার্টারে দেওয়া আছে।

### টেলিফোন দোভাষী পরিষেবা

আপনি যদি স্কুলের সাথে যোগাযোগ করতে চান এবং ইংরেজিতে সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন, আপনার কোন ভাষা প্রয়োজন তাদের বলুন এবং অপারেটরকে স্কুলে ফোন করতে বলুন। আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোন মূল্য দিতে হবে না।